



# UNION BANK LTD

SHARIAH BASED BANK

Local Bank Global Opportunity

মানব সম্পদ বিভাগ

ইউবিএল/ এইচও/ এইচআরডি-৩১৪/সার্কুলার/ ২০২০

মার্চ ২৩, ২০২০

সকল বিভাগীয় প্রধান/ শাখা ব্যবস্থাপকবৃন্দ  
ইউনিয়ন ব্যাংক লিমিটেড,  
বাংলাদেশ।

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

মুহতারাম/ মুহতারামা,  
আসসালামুআলাইকুম,

আপনারা অবগত আছেন যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী আকার ধারণ করেছে। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ভাইরাস প্রতিরোধে ইউনিয়ন ব্যাংক লিঃ এ কর্মরত সকল নিবাহী, কর্মকর্তা ও কর্মচারীকে নিম্নবর্ণিত অতি গুরুত্বপূর্ণ পরামর্শসমূহ পরিপালনের অনুরোধ করা যাচ্ছেঃ

- ১) ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে প্রধান কার্যালয়ে একটি “**Central Quick Response Team**” গঠন করতে হবে যাতে পরিবর্তিত পরিস্থিতিতে ব্যাংকের পক্ষ থেকে দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা যায়। এরূপ টিমের সদস্যদের নাম, পদবি, মোবাইল নাম্বারসহ প্রয়োজনীয় তথ্যাদি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। **Branches Operation & Control Division, Head Office** বিষয়টি কেন্দ্রীয়ভাবে নিশ্চিত করবে।
- ২) প্রধান কার্যালয়ের সকল বিভাগ এবং শাখাসমূহে কর্মরত নিবাহী, কর্মকর্তা ও কর্মচারীগণ দুটি টিমে (**Mutually Exclusive & Suplimentary Team-টিম-১ ও টিম-২**) বিভক্ত হয়ে সাপ্তাহিক রোস্টার ভিত্তিতে দায়িত্ব পালন করবেন। এক্ষেত্রে **টিম-১ আগামী ২৪ শে মার্চ, ২০২০ হতে ২ রা এপ্রিল, ২০২০ পর্যন্ত** অফিসে দায়িত্ব পালন করবেন। **টিম-২** বাসায় অবস্থান করে দায়িত্ব পালন করবেন। একইভাবে **টিম-২ আগামী ৫ ই এপ্রিল, ২০২০ হতে ১৬ ই এপ্রিল, ২০২০ পর্যন্ত** অফিসে দায়িত্ব পালন করবেন এবং **টিম-১** বাসায় অবস্থান করে দায়িত্ব পালন করবেন। উক্ত রোস্টারভিত্তিক কার্যক্রম বিভাগীয় প্রধান ও শাখা ব্যবস্থাপক কর্তৃক নিয়ন্ত্রিত হবে এবং টিমভিত্তিক তালিকা উক্ত রোস্টারভিত্তিক কার্যক্রম শুরু করার পূর্বেই এইচআরডি-এর মেইল [hrd@unionbank.com.bd](mailto:hrd@unionbank.com.bd) -এ প্রেরণ করবেন।
- ৩) মনে রাখতে হবে যে, রোস্টারভিত্তিক কার্যক্রম মানে ছুটি প্রদান নয়। শাখা এবং প্রধান কার্যালয়ের যে সকল কর্মীগণ রোস্টারের আওতায় **Station Leave** না করে বাসায় অবস্থান করবেন; তারা বাসায় অবস্থান করে বিভিন্ন ডিজিটাল মাধ্যমে তথ্য মোবাইল ফোন, হোয়াটসএ্যাপ অথবা মেইলের সহায়তায় অফিসের সাথে সংযুক্ত থাকবেন ও গ্রাহক সেবাসহ সকল ব্যাংকিং সেবা প্রদান করবেন এবং যেকোন মুহূর্তে ব্যাংকের প্রয়োজনে কর্মস্থলে যোগদানের জন্য নিজেকে প্রস্তুত রাখবেন। একই সঙ্গে জরুরী প্রয়োজনে মানব সম্পদ বিভাগের অনুমতি ব্যতিত কর্মস্থল ত্যাগ না করার পরামর্শ দেয়া যাচ্ছে।
- ৪) গর্ভবতী মহিলা কর্মকর্তাগণ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বাসায় অবস্থান করবেন।
- ৫) ব্যাংকের কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারী অথবা তার পরিবারের কোন সদস্যের মধ্যে করোনা ভাইরাস সংক্রমিত হওয়ার লক্ষণ পরিলক্ষিত হলে বা কোন কারণে করোনা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার ঘটনা ঘটলে অতিদ্রুত প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগে অবহিতকরণ পূর্বক সংশ্লিষ্ট শাখা/বিভাগীয় প্রধান সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীকে বাধ্যতামূলকভাবে কোয়ারেন্টিন ছুটি হিসেবে ১৪ দিনের বিশেষ ছুটি দিবেন।
- ৬) করোনা ভাইরাস প্রতিরোধে বিশ্বস্বাস্থ্য সংস্থা ও আইইডিসিআর সশরীরে সকল প্রকার কার্যক্রম সীমিত করার নির্দেশনা প্রদান করেছেন। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সশরীরে সকল প্রকার কার্যক্রম সীমিত করার পরামর্শ দেয়া যাচ্ছে। সাক্ষ্যকালীন ব্যাংকিং এবং সপ্তাহ অন্তের (শুক্রবার ও শনিবার) সকল কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে।